



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-

dgmsme@krishibank.org.bd

পত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/৭(৫)/২০২২-২০২৩/ ২৮২৫(১২৫০)

তারিখঃ ২৬/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ১২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮২৩ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ যাচ্ছে।

০২। ২০২২-২০২৩ অর্থবছরে ব্যাংকের ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০/১২/২০২২ ভিত্তিক ঋণ বিতরণের অর্জন পর্যদ অবহিত হন এবং বিগত বছরের একই সময়ের তুলনায় ঋণ বিতরণের পরিমাণ হ্রাস পাওয়ার প্রেক্ষিতে পর্যদ উদ্বেগ প্রকাশ করেন এবং কৃষি ও এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধির লক্ষ্যে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

০৩। ২০২২-২০২৩ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৭,৫০০.০০ কোটি টাকা। ব্যাংকের সামগ্রিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রার মধ্যে কৃষি ও এসএমই খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে উক্ত খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ১০,৩০০.০০ কোটি টাকা ও ৫,০০০.০০ কোটিসহ মোট ১৫,৩০০.০০ কোটি টাকা। ৩০/১২/২০২১ ও ৩০/১২/২০২২ তারিখ ভিত্তিক কৃষি ও এসএমই খাতের ঋণ বিতরণের তুলনামূলক চিত্র নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়ের নাম	খাত ভিত্তিক ঋণ বিতরণের অর্জন					
		কৃষি খাত			এসএমই খাত		
		৩০.১২.২০২২ ভিত্তিক বিতরণ	বিগত বছরের একই সময়ে (৩০.১২.২০২১ ভিত্তিক) বিতরণ	কম/বেশী (-,+)	৩০.১২.২০২২ ভিত্তিক বিতরণ	বিগত বছরের একই সময়ে (৩০.১২.২০২১ ভিত্তিক) বিতরণ	কম/বেশী (-,+)
১.	ঢাকা	৬৩৫.৭৩	৫৪২.৩১	৯৩.৪২	৩৭২.৩৪	২৮৪.৭২	৮৭.৬২
২.	ময়মনসিংহ	৪৩৮.২৬	৪১২.২৮	২৫.৯৮	২৩১.৯১	১৫৮.৩২	৭৩.৫৯
৩.	চট্টগ্রাম	৩৬০.৭৩	৩২৭.৫৮	৩৩.১৫	১৫৭.২১	১৩২.২৪	২৪.৯৭
৪.	খুলনা	৬১৬.৫৬	৫৯৮.৮	১৭.৭৬	১৫১.৪৪	১২৫.৭৯	২৫.৬৫
৫.	বরিশাল	৪২৭.২৩	৪৮২.৮৫	-৫৫.৬২	৮৯.৯৯	৭০.০৭	১৯.৯২
৬.	সিলেট	২৮১.৮৪	২৪১.৩৭	৪০.৪৭	১১০.৪৭	৮৮.৫২	২১.৯৫
৭.	কুমিল্লা	৩৬৮.৬৮	৩৭৭.৭৫	-৯.০৭	২২৭.২৬	১৮৬.৮	৪০.৪৬
৮.	ফরিদপুর	৩৩৩.৮৫	৩৭৪.৭৮	-৪০.৯৩	১৩০.৭৩	১১৯.১৬	১১.৫৭
৯.	কুষ্টিয়া	৪৯৪.৬২	৪৫৬.২৪	৩৮.৩৮	১৬৪.৩৮	১৭২.৯৮	-৮.৬
১০.	এলাপিও	১৩.০০	২০৫.৩১	-১৯২.৩১	২২.২২	৭১১.৭২	-৬৮৯.৫
	মোট	৩৯৭০.৫০	৪০১৯.২৭	-৪৮.৭৭	১৬৫৭.৯৫	২০৫০.৩২	-৩৯২.৩৭

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়,

**কৃষি খাত** : ৩০/১২/২০২২ তারিখ ভিত্তিক কৃষি খাতে মোট ঋণ বিতরণের পরিমাণ ৩৯৭০.৫০ কোটি টাকা, যা বার্ষিক লক্ষ্যমাত্রা ১০,৩০০.০০ কোটি টাকার ৩৯%। ৩০/১২/২০২২ ভিত্তিক এ খাতে অর্জন বিগত বছরের একই সময়ের তুলনায় ৪৮.৭৭ কোটি টাকা কম। বিভাগীয় কার্যালয় বরিশাল, কুমিল্লা, ফরিদপুর ও স্থানীয় মুখ্য কার্যালয়ের অর্জন হতাশাব্যঞ্জক। কৃষির মূল উপখাত শস্য, মৎস্য, প্রাণীসম্পদসহ সেচ ও কৃষি যন্ত্রপাতি, বীজ উৎপাদন, শস্য গুণমানজাতকরণ ও দারিদ্র বিমোচন খাতে অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়ন করতে হবে।

**এসএমই খাত** : ৩০/১২/২০২২ তারিখ ভিত্তিক এসএমই খাতে মোট ঋণ বিতরণের পরিমাণ ১৬৫৭.৯৫ কোটি টাকা, যা বার্ষিক লক্ষ্যমাত্রা ৫,০০০.০০ কোটি টাকার ৩৩%। ৩০/১২/২০২২ ভিত্তিক এ খাতে অর্জন বিগত বছরের একই সময়ের তুলনায় (-) ৩৯২.৩৭ কোটি টাকা কম। বিভাগীয় কার্যালয় কুষ্টিয়া ও স্থানীয় মুখ্য কার্যালয়ের অর্জন হতাশাব্যঞ্জক।

০৪। এমতাবস্থায়, ব্যাংক পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনা ও প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক কৃষি ও এসএমইসহ সকল খাতে ঋণ বিতরণ বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণ বিতরণের প্রবৃদ্ধি কোনভাবেই ঋণাত্মক হতে পারবে না। আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে ব্যাংকের সামগ্রিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ৮০% এবং ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত  
২৬/০১/২০২৩  
(মোহাম্মদ সঈদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯


বিষয় ঃ ১২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৮২৩ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা-ক্রঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২২-২০২৩/ ১৮২৫(১২৫৩)

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
24/01/2023  
(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক